

# Telephone conversation between PM and Prime Minister of the Socialist Republic of Vietnam

April 13, 2020

---

প্রধানমন্ত্রী এবং সমাজবাদী প্রজাতন্ত্র ভিয়েতনামের প্রধানমন্ত্রীর সাথে  
টেলিফোনে বাক্যালাপ  
এপ্রিল 13,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ সমাজবাদী প্রজাতন্ত্র ভিয়েতনামের প্রধানমন্ত্রী হিজ হাইনেস শ্রী গুয়েন জুয়ানফুক-এর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন। দুইনেতা কোভিড-19 অতিমারি থেকে উদ্ধৃত পরিস্থিতি এবং এই চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য গৃহীত পদক্ষেপের বিষয়গুলি নিয়ে আলোচনা করেছেন।

প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জামের সরবরাহের সুবিধাপ্রদানসহ কোভিড-19 এর বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার সম্ভাবনার উপরে দুই নেতা সহমত হয়েছেন। উভয়ে তাদের দেশে বর্তমানে উপস্থিত দুই দেশের নাগরিকদের প্রয়োজনীয় সাহায্যপ্রদানের অঙ্গীকারও করেছেন।

উভয় নেতা ভারত এবং ভিয়েতনামের কৌশলগত অংশদারীত্বের উপরে জোর আরোপ করেছেন এবং বিভিন্ন ক্ষেত্রে সাম্প্রতিক অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন। তারা আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিকাশের বিষয়েরও পর্যালোচনা করেছেন।

উভয় নেতা সহমত হয়েছেন যে, অতিমারি মোকাবিলার পদ্ধতির সমন্বয় এবং তৎসহ দ্বিপাক্ষিক সম্পর্কের অন্যান্য বিষয়েরও সমন্বয়ের জন্য আগামী দিনে তাদের দল নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রেখে চলবে।

বর্তমান সংকটকালে ভিয়েতনামের জনগণের স্বাস্থ্য এবং কুশল আশা করে প্রধানমন্ত্রী তার শুভ কামনা ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি  
এপ্রিল 13,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.